ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৮০৮

জম্পুইজলা,১৫ নভেম্বর,২০২৫

**২০ নভেম্বর জম্পুইজলায় মহকুমা মৎস্য তত্বাবধায়কের নতুন ভবনের উদ্বোধন**

আগামী ২০ নভেম্বর জম্পুইজলা মহকুমার অন্তর্গত নব-নির্মিত জম্পুইজলা মহকুমা মৎস্য তত্বাবধায়কের নতুন ভবনের উদ্বোধন করা হবে। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে আজ সকালে জম্পুইজলা আর.ডি. ব্লক কার্যালয়ের ব্লক পঞ্চায়েত রিসোর্স সেন্টারের সভাগৃহে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন জম্পুইজলা বি.এ.সি.-র চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা। সভায় উপস্থিত ছিলেন জম্পুইজলা বি.এ.সি.-র ভাইস-চেয়ারম্যান নিরঞ্জন কলই, জম্পুইজলা ব্লকের বিডিও ওবেড. এল. ডার্লং, জম্পুইজলা ব্লকের এডিশনাল বিডিও বীরবাহাদুর রিয়াং, জম্পুইজলার মৎস্য তত্বাবধায়ক চাম্পি দেববর্মা। এছাড়া সভায় উপস্থিত ছিলেন পূর্ত, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর, স্বাস্থ্য দপ্তর, প্রাণীসম্পদ বিকাশ দপ্তর সহ বিভিন্ন দপ্তরের জম্পুইজলা মহকুমা পর্যায়ের আধিকারিকগণ।

*****